

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদপ্তর  
সামাজিক নিরাপত্তা অধিশাখা  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।  
[www.dss.gov.bd](http://www.dss.gov.bd)

৪১.০১.০০০০.০০০.০৫০.২০.০০০১.২৫ - ৬৭২

তারিখ: ০২ বৈশাখ ১৪৩৩  
২২ এপ্রিল ২০২৬

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় ১৫ দিনব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজনের জন্য জেলা পর্যায়ে বরাদ্দ বিভাজন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরের “অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন” এর আওতায় কোড নং- ৩৮২১১১২ এর অনুকূলে “প্রশিক্ষণ মঞ্জুরি” খাতে প্রাপ্ত বরাদ্দ বিভাজনপূর্বক অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে ১৫ দিনব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় বরাবর বরাদ্দ প্রদান করা হলো, যা সংশ্লিষ্ট জেলার ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হবে। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে পালন করতে হবে:

১। বরাদ্দকৃত অর্থ ২০২৫-২৬ অর্থবছরের মধ্যে ব্যয় করতে হবে। ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান এবং ‘অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সমন্বিত নীতিমালা, ২০২৫’ অনুসরণপূর্বক ব্যয় করতে হবে।

২। প্রশিক্ষণের জন্য সমাজসেবা অধিদপ্তর হতে প্রেরিত নমুনা প্রশ্নপত্র অনুসরণ করে ট্রেড নির্বাচনের লক্ষ্যে স্থানীয়ভাবে প্রশিক্ষণ চাহিদা যাচাই নিশ্চিত করতে হবে।

৩। নির্বাচিত ট্রেডে প্রশিক্ষণ প্রদানের জন্য যথাযথ প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করতে হবে। এ ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রণীত নমুনা মডিউল অনুসরণ করা যেতে পারে।

৪। বিদ্যমান নীতিমালা অনুযায়ী যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রকৃত প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে।

৫। প্রশিক্ষণ চলাকালীন প্রতিদিন প্রশিক্ষণার্থীদের হাজিরা গ্রহণ নিশ্চিত করতে হবে।

৬। সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী প্রশিক্ষণার্থীদের ‘ইচ্ছা তালিকা’ (Wish List) ও বাস্তবসম্মত বাস্তবায়ন পরিকল্পনা যাচাইপূর্বক এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করতে হবে। প্রাপ্ত প্রশিক্ষণ ও আর্থিক সহায়তার মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ কী উদ্যোগ বাস্তবায়ন করলেন, তা মনিটরিংপূর্বক সংশ্লিষ্ট উপপরিচালক একটি প্রতিবেদন পরবর্তী ৩ (তিন) মাস পর নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করবেন।

৭। প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্তির পর প্রশিক্ষণার্থীর তালিকাসহ যাবতীয় তথ্য ডাটাবেইজ আকারে সংরক্ষণ করতে হবে এবং নিম্নস্বাক্ষরকারী বরাবর একটি পূর্ণাঙ্গ প্রশিক্ষণ প্রতিবেদন প্রেরণ করতে হবে। এ প্রতিবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ফটোকপি সংযুক্ত থাকতে হবে:

- প্রশিক্ষণ সংক্রান্ত অফিস আদেশ।
- প্রশিক্ষণার্থীদের দৈনিক হাজিরা বিবরণী।
- প্রশিক্ষণার্থীদের দৈনিক প্রশিক্ষণ সম্মানী ও প্রশিক্ষক সম্মানীর মাস্টাররোল।
- প্রশিক্ষণোত্তর এককালীন আর্থিক সহায়তাসহ অন্যান্য ব্যয়ের ভাউচার ও মাস্টাররোল।

৮। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২৬ তারিখের পূর্বে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক ট্রেজারি চালানোর ফটোকপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।

সংযুক্তি:

১. বরাদ্দ বিভাজন ৩ পৃষ্ঠা;
২. নমুনা মডিউল ১৯ পৃষ্ঠা।

  
শাহ মোহাম্মদ মাহবুব

মহাপরিচালক  
সমাজসেবা অধিদপ্তর।  
ফোন: ০২ ৫৫০০৭০২৪

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়

.....

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রতিষ্ঠান/কার্যক্রম/ সামাজিক নিরাপত্তা/পরিকল্পনা ও উন্নয়ন/শিশু সুরক্ষা), সমাজসেবা অধিদপ্তর।
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)। (তাকে স্ব স্ব অধিক্ষেত্রের জেলাসমূহে আয়োজিত প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং-এর অনুরোধ করা হলো)।
৩. দপ্তর নথি।